

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৫৭  
জিরানীয়া, ১৫ মে, ২০২৪

**লোকসভা নির্বাচন-২০২৪**  
**জিরানীয়ায় ভোট গণনা কর্মীদের মহড়া**

লোকসভা নির্বাচনের ভোট গণনার জন্য আজ জিরানীয়া অগ্নিবীণা হলে ভোট গণনার কাজে নিযুক্ত কর্মীদের নিয়ে এক মহড়া অনুষ্ঠিত হয়। আগামী ৪ জুন লোকসভা নির্বাচনের ভোট গণনা হবে। মহড়ায় উপস্থিত ছিলেন ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা কেন্দ্রের রিটার্নিং অফিসার তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার। তাছাড়াও উপস্থিত ছিলেন জিরানীয়া মহকুমার অন্তর্গত ৫-খয়েরপুর, ১০-মজলিশপুর এবং ১১-মান্দাই বাজার (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার জে ভি দোয়াতি, শান্তিরঞ্জন চাকমা, অনিমেধ ধর প্রমুখ। জিরানীয়া মহকুমা শাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*